



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৯ জুন ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

### মধ্যস্থতাকারীদের মাধ্যমে সরকারের নিকট ইউপিডিএফের দাবিনামা পেশ

চলমান সংলাপ প্রক্রিয়ার অংশ হিসেবে ইউপিডিএফ মধ্যস্থতাকারীদের মাধ্যমে সরকারের নিকট দলের দাবিনামা পেশ করেছে।

আজ ৯ জুন ২০২২, বৃহস্পতিবার, খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলাধীন ২ নং চেঙ্গী ইউনিয়নের বড়কলক এলাকায় এক অনুষ্ঠানের মাধ্যমে পানছড়ি উপজেলা চেয়ারম্যান শান্তি জীবন চাকমাসহ স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিগণের উপস্থিতিতে এ দাবি হস্তান্তর করা হয়।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর পক্ষ দলের কেন্দ্রীয় সদস্য উজ্জ্বল স্মৃতি চাকমা মেজর (অবঃ) এমদাদুল ইসলামের কাছে এ দাবিনামা হস্তান্তর করেন। এ সময় ইউপিডিএফ খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা ও মধ্যস্থতাকারীদের অন্যতম সদস্য মঞ্জুলাল দেওয়ানও উপস্থিত ছিলেন।

উজ্জ্বল স্মৃতি চাকমা বলেন, গত শতকের '৭০,৮০ দশকের পার্বত্য চট্টগ্রামের সাথে আজকের পার্বত্য চট্টগ্রামের বিস্তর ফারাক। কিন্তু তারপরও যেন কোন কোন মহলের দৃষ্টিভঙ্গি সেই আগের মতোই রয়ে গেছে। তারা ৭০, ৮০ দশকের চোখ দিয়ে বর্তমান পার্বত্য চট্টগ্রামকে দেখতে চাইছেন এবং সেইভাবে মূল্যায়ন করছেন। কিন্তু এটা স্পষ্টতই ভুল। আমাদেরকে অবশ্যই এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। কারণ শান্তি প্রতিষ্ঠার জন্য এটা বলা যায় প্রথম ও অত্যন্ত গুরুত্বপূর্ণ শর্ত।'

মধ্যস্থতাকারীদের পক্ষ থেকে সাবেক মেজর এমদাদুল ইসলাম বক্তব্য রাখেন। তিনি 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট চুক্তি আকারে পেশকৃত ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর দাবিনামা (ও তার যৌক্তিকতা)' সরকারের কাছে পৌঁছে দেবেন বলে জানান।

ইউপিডিএফের সংগঠক সুমেন চাকমার সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে আরও উপস্থিত ছিলেন পানছড়ি উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান চন্দ্রদেব চাকমা, পানছড়ি উপজেলা ভাইস চেয়ারম্যান মনিতা ত্রিপুরা, ৪ নং লতিবান ইউনিয়নের চেয়ারম্যান ও হেডম্যান ভূমিধর রোয়াজা, ৩ নং পানছড়ি সদর ইউনিয়নের চেয়ারম্যান উচিত মনি চাকমা, ২ নং চেঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান আনন্দ জয় চাকমা, ১ নং লোগাং ইউনিয়নের চেয়ারম্যান জয় কুমার চাকমাসহ ইউপি মেম্বার, স্থানীয় সাংবাদিক ও শিক্ষকসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।